# ইজরায়েল সফরে পররাষ্ট্রমন্ত্রী
# (জানুয়ারি ১৭-১৮, ২০১৬)

পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজ একটি সরকারি সফরে ইজরায়েলে যাবেন ১৭-১৮ জানুয়ারি, ২০১৬। পূর্ব বিভাগের সচিব, এবং পররাষ্ট্রমন্ত্রকের অন্যান্য কর্মকর্তারাও এই সফরে অনুসঙ্গী হবেন। পররাষ্ট্রমন্ত্রীর এটাই প্রথম ইজরায়েল সফর। এই সফরটি এল ২০১৫ সালের অক্টোবরে ভারতের রাষ্ট্রপতির ইজরায়েলে রাষ্ট্রীয় সফরের পর। ভারত এবং ইজরায়েলের মধ্যে সম্পর্ক ঘনিষ্ট এবং বহুমুখী।

সফরকালে পররাষ্ট্রমন্ত্রী ইজরায়েলী নেতৃত্বের সঙ্গে আলোচনা করবেন এবং ভারত-ইজরায়েল দ্বিপাক্ষীক সম্পর্কের সম্পূর্ণ স্বরগ্রাম পর্যালোচনা করবেন। দুই পক্ষই গণতন্ত্র এবং মুক্ত বাজার অর্থনীতির ব্যাপারে তাঁদের মতামত ভাগ করে নেবেন। ভারত এবং ইজরায়েল এছাড়াও ভাগ করবে কৃষি, বিজ্ঞান ও প্রযুক্তি এবং শিক্ষাখাতে ব্যাপক ঘনিষ্ট সম্পর্কের বিষয়টি। পররাষ্ট্রমন্ত্রী তাঁর সফরকালে ইজরায়েলে বসবাসকারী ভারতীয় সম্প্রদায়ের সঙ্গেও কথা বলবেন। এই সফর ইজরায়েলের সঙ্গে ভারতের দ্বিপাক্ষীক সম্পর্ক বৃদ্ধি করবে এবং সেতুবন্ধনের কাজ করবে।

ইজরায়েলের সঙ্গে ভারতের সম্পর্ক স্বাধীন এবং বৃহত্তর পশ্চিম এশিয়া অঞ্চলের অন্য কোনও দেশের সম্পর্কের উপর তা নির্ভরশীল নয়।

**নয়াদিল্লি**

**জানুয়ারি ১২, ২০১৬**